



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

স্মারক নং: রুয়েট/জস/৪৩/২০২৩

তারিখঃ ২৮ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি-০১

রুয়েটে পালিত হয়েছে প্রধানমন্ত্রীর ৭৭ তম জন্মদিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭৭ তম জন্মদিন উপলক্ষে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের হল রুমে এই কর্মসূচি পালিত হয়।

অনুষ্ঠানের শুরুতেই স্ক্রিনে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার জীবন ও কর্মের উপর নির্মিত একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়। তথ্যচিত্র প্রদর্শন শেষে প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭৭ তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম বলেন, “দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ গড়তে হলে যে যেখানেই থাকি না কেন শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের যার যার জায়গা থেকে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি বক্তব্যের শেষাংশে অনুষ্ঠানে উপস্থিত সকলকে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭৭ তম জন্মদিন উপলক্ষে শুভেচ্ছা জানান।”

আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন রুয়েটের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহম্মদ চৌধুরী, ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল আওয়াল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মো. সেলিম হোসেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট আবু সুফিয়ান মো. জিয়া হাসান, গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. ফারুক হোসেন, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মো. কামরুজ্জামান, সংস্থাপন ও প্রশাসন শাখার উপ-রেজিস্ট্রার মো. রোকনুজ্জামান এবং গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের সেকশন অফিসার মো. রাইসুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রভাষক আজমাঈন ইয়াক্কীন সৃজন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডীন, ইন্সটিটিউটের পরিচালক, দপ্তর ও বিভাগীয় প্রধান সহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

আলোচনা সভা শেষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়েছে। দোয়া পরিচালনা করেন রুয়েটের কেন্দ্রীয় জামে মসজিদের প্রধান পেশ ঈমাম মো. নাজমুল আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রেরিত

স্বাক্ষরিত/-

সেকশন অফিসার

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়